
দৈনিক ইত্তেফাক

14 MAR 2015



মঠবাড়িয়া (পিরোজপুর) : বড় মাছুয়া দাখিল মাদ্রাসার ভবন ঝুঁকিপূর্ণ হওয়ায় খেলার মাঠে ক্লাস করছে শিক্ষার্থীরা -ইত্তেফাক

# মঠবাড়িয়ায় মাদ্রাসা ভবনে ফাটল

■ মঠবাড়িয়া (পিরোজপুর) সংবাদদাতা

কক্ষ সংকটের কারণে পিরোজপুরের মঠবাড়িয়ার বড়মাছুয়া দাখিল মাদ্রাসার শিক্ষার্থীদের মাদ্রাসার খেলার মাঠে খোলা আকাশের নিচে পাঠদান করানো হচ্ছে।

সরেজমিনে দেখা গেছে, রোদের মধ্যে খোলা আকাশের নিচে বেঞ্চ পেতে শিক্ষার্থীদের পাঠদান চলছে। ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের বাংলা পড়াচ্ছিলেন এক শিক্ষক।

ষষ্ঠ শ্রেণির ছাত্র আব্দুর রহমান বলে, রোদের মধ্যে ক্লাস করতে খুব কষ্ট হয়। আবার বৃষ্টি এলে মাদ্রাসার বারান্দায় দাঁড়িয়ে ক্লাস করতে হয়।

মাদ্রাসা সূত্রে জানা গেছে, ১৯৫৫ সালে দুই বিঘা জমির ওপর এ মাদ্রাসাটি স্থাপিত হয়। প্রতিষ্ঠানটি থেকে ২০১২ সালে দাখিল পরীক্ষায় শতভাগ শিক্ষার্থী পাস করেছে।

মাদ্রাসার শিক্ষক মতিউর রহমান বলেন, মাদ্রাসার একটি পাকা ও দুইটি আধাপাকা ভবন রয়েছে।

১৯৯৫ সালে নির্মিত তিন কক্ষের পাকা ভবনটির ছাদের পলেস্তারা খসে পড়ায় ও দেয়ালে ফাটল ধরায় কয়েক বছর ধরে সেখানে শিক্ষার্থীদের ক্লাস করা হচ্ছে না। শিক্ষার্থীদের পাঠদানের জন্য ১২টি কক্ষের প্রয়োজন। কিন্তু আধাপাকা দুটি ভবনে আটটি কক্ষ রয়েছে। শ্রেণিকক্ষের অভাবে খোলা আকাশের নিচে ক্লাস নিতে হচ্ছে।

মাদ্রাসার সুপার এ কে এম আব্দুর রহমান বলেন, মাদ্রাসার তহবিলে টাকা না থাকায় নতুন ভবন নির্মাণ করা যাচ্ছে না। এছাড়া শিক্ষক ও আসবাবপত্রের সংকটও রয়েছে।

এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. সেলিম মিয়া বলেন, মাদ্রাসার নতুন ভবন নির্মাণের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে বরাদ্দ চেয়ে প্রতিবেদন পাঠানো হবে।